# যাদুকর ও জ্যোতিষীর গলায় ধারালো তরবারি

বিভাগ/অধ্যায়ঃ নবম প্রকার যাদু

রচয়িতা/সঙ্কলকঃ ওয়াহীদ বিন আব্দুস সালাম বালী

যৌন ক্ষমতা বিনাশের যাদুর বিবরণ

যাদুর দায়িত্বে নিয়োজিত শয়তান পুরুষের মস্তিষ্কে যা যৌন চাহিদাকে নিয়ন্ত্রণকারী ও কেন্দ্রবিন্দু তাতে প্রভাব বিস্তার করে। আর অন্য সব অঙ্গ সঠিক থাকে। আর যখন পুরুষ তার স্ত্রীর সাথে সহবাস করতে চায় তখন ফেলে। যার ফলে রক্ত সঞ্চালক মেশিন চলে না আর যৌনাঙ্গের রক্ত ফিরে যায়। ফলে পুরুষাঙ্গ নিস্তেজ হয়ে যায়।

এজন্য দেখা যাবে এ ধরনের পুরুষ যখন তার স্ত্রীর সাথে চুম্বন ও আলিঙ্গনে থাকে তখন তার যৌন ক্ষমতা সাধারণ অবস্থায় বিদ্যমান থাকে। যৌনাঙ্গ প্রবেশকালীন সময়ে ঢিলে পড়ে যায় এবং সে বিফল হয়ে যায়।

আবার কখনও এমনও হয় যে, যখন একটি পুরুষের দু'টি স্ত্রী তখন সে তার মধ্যে একটির সাথে সহবাস তো করতে পারে; কিন্তু অন্য স্ত্রীর সাথে সহবাস করতে ব্যর্থ হয়। এটা এজন্যে যে, যাদুর শয়তান একজনের থেকে দূরে রাখার জন্যে সে যখন দ্বিতীয় স্ত্রীর নিকট যায় যৌন উত্তেজনার কেন্দ্র নষ্ট করে দেয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5948

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন